রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৬, ২০২২

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ:** ০৮ কার্তিক, **১৪২৯ বঙ্গাব্দ /২৪ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-৩২৫ আইন/২০২২/২০৬-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৫ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(১ক) কোনো সরবরাহকারী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ মূসক হার উল্লেখপূর্বক পণ্য সরবরাহ করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না :

তবে শর্ত থাকে যে, উক্ত ক্ষেত্রে সরবরাহকারী কর্তৃক সর্বশেষ অর্থ-বৎসরে Integrated VAT Administration System (IVAS) হইতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র পেশ সংক্রান্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করিতে হইবে :


মূল্য : টাকা ৪.০০

আরো শর্ত থাকে যে, যৌক্তিক কোনো কারণে উক্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করিতে হইবে।"; এবং

(২) বিধি ৬ এর উপ-বিধি (১) এর শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, সরবরাহ গ্রহীতা, প্রযোজ্য ক্ষেত্রে, তালিকাভুক্ত নহে বা অনিবন্ধিত এইরূপ কোনো ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকিলে প্রযোজ্য মূসক পরিশোধে সরবরাহ গ্রহীতা দায়ী থাকিবেন।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোহাম্মদ হাসমত আলী**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd